

ডাঃ মোঃ মুরাদ হাসান, এমপি

মাননীয় প্রতিমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

ডাঃ মোঃ মুরাদ হাসান, ১৯৭৪ খ্রিষ্টাব্দের ১০ অক্টোবর, জামালপুর জেলার সরিষাবাড়ী উপজেলাধীন দৌলতপুর গ্রামে এক ঐতিহ্যবাহী সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম এ্যাড. মতিয়র রহমান তালুকদার, মাতাঃ মনোয়ারা বেগম। তাঁর পিতা ছিলেন একজন বরণ্য রাজনীতিবিদ তথা বীর মুক্তিযোদ্ধা, মহান মুক্তিযুদ্ধের সংগঠক, সর্বদলীয় সংগ্রাম পরিষদের আহবায়ক (জামালপুর-শেরপুর) এবং জামালপুর জেলা আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি। তিনি ১৯৮৬-২০০৩ মেয়াদে বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সদস্য ছিলেন। তিনি জামালপুর 'ল কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ, জাতীয় আইনজীবী সমিতির সহ-সভাপতি এবং জামালপুর জেলা বার এর ৬ (ছয়) বার নির্বাচিত সভাপতি ছিলেন। জনাব হাসান এর মহিয়সী মাতা ছিলেন স্বামীর রাজনৈতিক পরিক্রমার একনিষ্ঠ সহচর।

শিক্ষা জীবন

ডাঃ মোঃ মুরাদ হাসান শৈশবে জামালপুর শহরস্থ কিশলয় আদর্শ বিদ্যা নিকেতনে তাঁর প্রাথমিক শিক্ষা জীবন শুরু করেন। অতঃপর তিনি ১৯৯০ সালে জামালপুর জেলা স্কুল হতে বিজ্ঞান বিভাগে থেকে প্রথম বিভাগে(স্টার মার্ক) এস.এস.সি পাশ করেন এবং ১৯৯২ সালে ঐতিহ্যবাহী ঢাকা নটরডেম কলেজ থেকে বিজ্ঞান বিভাগ থেকে প্রথম বিভাগে(স্টার মার্ক) এইচ.এস.সি পাশ করেন। তিনি ২০০১ সালে ঐতিহ্যবাহী ময়মনসিংহ মেডিকেল কলেজ হতে কৃতিত্বের সাথে MBBS পাশ করেন। পরবর্তীতে তিনি ২০০৪-২০০৫ সালে ঢাকা মেডিকেল কলেজ থেকে 'Plastic & Reconstructive Surgery'র উপর Post Graduation Training (PGT) সম্পন্ন করেন এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) হতে ২০১১ সালে Radiation Oncology'র উপর এম.ফিল ডিগ্রী অর্জন করেন।

রাজনৈতিক জীবন

তিনি ১৯৯৪ সালে বাংলাদেশ ছাত্রলীগ ময়মনসিংহ মেডিকেল কলেজ শাখার 'কার্যকরি সদস্য', ১৯৯৭ সালে বাংলাদেশ ছাত্রলীগ ময়মনসিংহ মেডিকেল কলেজ শাখার 'সাংগঠনিক সম্পাদক', ২০০০ সালে বাংলাদেশ ছাত্রলীগ ময়মনসিংহ মেডিকেল কলেজ শাখার 'সভাপতি', ২০০৩ সালে ৫ম কংগ্রেস এ বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় 'কার্যকরী সদস্য', নির্বাচিত হন। ২০০৩ সালে বাংলাদেশ আওয়ামী লীগের জামালপুর জেলা শাখার 'কার্যকরি সদস্য', ২০১৪ সালে জামালপুর জেলার, সরিষাবাড়ী উপজেলা আওয়ামী লীগের 'কার্যকরি সদস্য', ২০১৫ সালে জামালপুর জেলার 'স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক' নির্বাচিত হন। এছাড়াও, ২০১৭ সালে তিনি ঘাতক দালাল নির্মূল কমিটির 'কার্যকরি সদস্য' নির্বাচিত হয়ে স্বাধীনতার বিপক্ষ শক্তির বিরুদ্ধে চলমান আন্দোলনে কার্যকর ভূমিকা পালন করে আসছেন।

সংসদ সদস্য

তিনি ২০০৮ সালের ৯ম জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগ থেকে মনোনয়ন পেয়ে ১৪১, জামালপুর-৪, (সরিষাবাড়ী, মেস্টা ও তিতপল্লা) সংসদীয় আসন থেকে বিপুল ভোটে প্রথম সংসদ সদস্য নির্বাচিত হন। তিনি সংসদ সদস্য হিসেবে জাতীয় সংসদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির প্রতিনিধি দলের সদস্য হিসেবে বিভিন্ন দেশ সফর করেন।

অন্যান্য সম্পৃক্ততা

তিনি স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ) এবং বাংলাদেশ মেডিকেল সোসিয়েশন (বিএমএ) এর আজীবন সদস্য। এছাড়া, তিনি জাতীয় ও সামাজিক জনগুরুত্বপূর্ণ বিষয়ে নিয়মিত আলোচক হিসাবে টেলিভিশনে টকশো, বিভিন্ন সেমিনার ও সিম্পোজিয়ামে সম্পৃক্ত রয়েছেন। তাছাড়া, তিনি নিজ নির্বাচনী এলাকায় ২০০১ সাল থেকে লক্ষাধিক দুঃস্থ/অসুস্থ রোগীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করে আসছেন।